



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং : ময়মিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৭৮

তারিখঃ ০৬/১২/২০২২খ্রিঃ

বিষয় : এইচএসসি পরীক্ষা- ২০২২ এর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি-২০২২ পরীক্ষার সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা- ২০২২ এর ব্যবহারিক পরীক্ষা আগামী ১৫/১২/২২ তারিখ হতে ২২/১২/২২তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। ব্যবহারিক পরীক্ষা শুরু করার পূর্বে অবশ্যই তাঁর কেন্দ্রের জন্য নিয়োগপ্রাপ্ত অভ্যন্তরীণ / বহিরাগত পরীক্ষককে সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষার তারিখ জানাতে হবে। পরীক্ষার্থীদের ব্যবহারিক বিষয় সমূহের জন্য তত্ত্বীয় বিষয়ের স্বাক্ষরলিপি ব্যবহার করতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে স্বাক্ষরলিপিতে অবশ্যই লাল কালিতে 'অনু' লিখে দিতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পর বোর্ডের ওয়েবসাইটে CA/Practical Mark অপসনে কেন্দ্র প্রতিষ্ঠানের EIIN নম্বর ও Password দিয়ে প্রবেশ করে ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রি করতে হবে। পরিশেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা তাঁর কেন্দ্রের ব্যবহারিক পরীক্ষার বিষয় ও পত্র ভিত্তিক উত্তরপত্র ও অনলাইন নম্বরফর্দের কপি প্রিন্ট করে পৃথক পৃথকভাবে প্যাকেট করার ব্যবস্থা করবেন এবং সকল বিষয় ও পত্রের অনলাইন নম্বরফর্দের ০২ কপি প্রিন্ট করে ১ম কপি পরীক্ষা নিয়ন্ত্রকের নামে খামে করে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে এবং ২য় কপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে। এতদসঙ্গে সরবরাহকৃত অভ্যন্তরীণ / বহিরাগত পরীক্ষকগণের চূড়ান্ত তালিকার রিপোর্ট ফরমগুলো পূরণ করে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর বোর্ড নির্ধারিত তারিখে(ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে) পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

বিঃদ্রঃ ১। এইচএসসি-২০২২ পরীক্ষার নীতিমালার সেকশন ১৩ এর সাব সেকশন ০১ অনুসারে তত্ত্বীয় পরীক্ষার কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(ক) পরীক্ষার্থীদের ব্যবহারিক নম্বরফর্দে ও উত্তরপত্রের প্যাকেটের শিরোনাম পত্রে অবশ্যই মূল কেন্দ্রের কোড লিখতে হবে।

(খ) পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতিক্রমে মূল কেন্দ্রে বিশেষ কোন ব্যবহারিক বিষয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না থাকলে মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা তাঁর কেন্দ্রভূক্ত যে কলেজে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা গ্রহণের সুব্যবস্থা রয়েছে সেই কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন। বিষয়টি ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট কলেজকে অবশ্যই অবহিত করবেন। এ ক্ষেত্রে পরীক্ষার্থীদের নম্বরপত্রের শিরোনামপত্রের প্যাকেটে মূল কেন্দ্রের কোড লিপিবদ্ধ করতে হবে। কোন ক্রমেই ঐ কলেজের কোন কোড ব্যবহার করা যাবেনা। মূল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নম্বরফর্দ ও উত্তরপত্র বোর্ডে প্রেরণ করবেন।

(গ) ব্যবহারিক পরীক্ষায় প্রতি বিষয়ে কমপক্ষে একজন অভ্যন্তরীণ এবং একজন বহিরাগত পরীক্ষক বোর্ড কতৃক নিযুক্ত হবেন এবং কেন্দ্র ভিত্তিক নিয়োগ পত্র বোর্ডের ওয়েবসাইটে আগামী ১২/১২/২০২২ তারিখের মধ্যে আপলোড করা হবে। কোন অবস্থাতেই কোন শিক্ষক নিজ নিজ পরীক্ষার্থীদের অভ্যন্তরীণ কিংবা বহিরাগত পরীক্ষক নিযুক্ত হবেন না একইসাথে অবসরপ্রাপ্ত কোন শিক্ষক অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকের দায়িত্ব পালন হতে বিরত থাকবেন। যাবতীয় নম্বর উভয় পরীক্ষকের সম্মতির ভিত্তিতে প্রদান করতে হবে।

২। অনলাইনে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে CA/Practical Mark লিংক এর মাধ্যমে ব্যবহারিক পরীক্ষার নম্বর এন্ট্রির শেষ তারিখ ২৬/১২/২০২২।

৩। এইচএসসি-২০২২পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ / বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্রপ্রতি ২০(বিশ টাকা) ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ও আনুসঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ (ফরমপূরণের বিজ্ঞপ্তির ১৮ এর (গ) অনুসারে) হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০(দশ টাকা)এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০(দশ টাকা) হারে সম্মানী /পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য এ বিষয়ে বোর্ড অভ্যন্তরীণ / বহিরাগত পরীক্ষক কে টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবেনা।

৪। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্রসমূহ অবশ্যই অভ্যন্তরীণ / বহিরাগত পরীক্ষকগণ যুক্তভাবে মূল্যায়ন ও স্বাক্ষর করবেন।

এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

প্রাপকঃ

সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা,

অত্র বোর্ডের অধীন সকল

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা/২০২২ কেন্দ্র।

০৬/১২/২০২২

(মো: সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

মোবা: ০১৩০৯-০০১৯৮৪

ই-মেইল: [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

অবগতি :

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

২. অফিস কপি।



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।  
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),  
[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

২০.....সালের এইচএসসি পরীক্ষার অভ্যন্তরীণ পরীক্ষকগণের চূড়ান্ত তালিকা ও রিপোর্ট ফরম

পরীক্ষা কেন্দ্রের নামঃ

কেন্দ্র কোডঃ

বিষয় ও পত্র	অভ্যন্তরীণ পরীক্ষকের নাম, কর্মস্থল ও মোবাইল নম্বর	অভ্যন্তরীণ পরীক্ষকের স্বাক্ষর



